

নম্বর ৪২.০৪.০০০০.০০৫.২২.০০১.২১.১৩০

তারিখ: ৯ কার্তিক ১৪২৯


২৫ অক্টোবর ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ১৬৮৩/২০১৪ (বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা) বনাম বাংলাদেশ সরকার ও অন্যান্য)- তে প্রদত্ত আদেশে ‘জলাভূমি (wetlands) সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন’ দ্রুত প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এ পরিপ্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে উক্ত আইনের খসড়া এর ওপর আলোচনার জন্য একটি সভা অদ্য ২৫.১০.২০২২ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০৩:০০ ঘটিকায় অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত হবে। জনাব মো: মাসুক মিয়া, মহাপরিচালক(অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০২। সংশ্লিষ্ট সদস্যগণকে ‘জলাভূমি (wetlands) সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা’ আইনের খসড়া প্রণয়নের ওপর আয়োজিত সভায় প্রয়োজনীয় মতামত প্রদানের জন্য প্রস্তুতিসহ যথাসময়ে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : কর্মশালার তথ্যাদি ১ ফর্দ।



২৫-১০-২০২২

মোঃ খায়রুল আলম সুমন

উপ-পরিচালক

ফোন: ০২-৪৪৮১৯১২৩

ফ্যাক্স: ০২-৪৪৮১৯০৭৩

ইমেইল:

md.shumon@dbhwd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ২) পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৩) অতিরিক্ত সচিব, ত্রাণ প্রশাসন ও আইন অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, সংস্থাপন অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৫) পরিচালক, পরিকল্পনা, আইসিটি বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৭) উপ-পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

- ৮) হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও নিরীক্ষা শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (১৫ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ১০) ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)